MAY 18 2002

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব দখল

রা.বি প্রতিনিধি : ক্ষমতাসীন চারদলীয় জোটের একটি দলের ছাত্রসংগঠনের সাংবাদিক নামধারী ক্যাডাররা এবার সন্ত্রাসী কায়দায় রাতের আঁধারে দখল করলো রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব। গত বৃহস্পতিবার গভীর রাতে সাংবাদিক নামধারী শিবিরের ক্যাডাররা বিশ্ববিদ্যালয় প্রক্টর, সহকারী প্রক্টরবৃন্দ, এবং ক্ষমতাসীন দলের সমর্থক কয়েকজন শিক্ষকের সহায়তায় শিবিরের সাথী ও দৈনিক ইনকিলাবের রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি কে এম কামরুজ্জামান কোরবানের নেতৃত্বে তালা ভেঙে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব দখল করে নেয়।

সূত্র জানায়, গত বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, নূরুল আবছার, সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষক আব্দুর রহমান সিদ্দিকী সহকারী প্রক্টর মইনউদ্দিন, বেলাল উদ্দিন, শরিফুল ইসলামের সক্রিয় সহযোগিতা ও উপস্থিতিতে শিবিরের সাথী ও ইনকিলাবের রা.বি প্রতিনিধি কোরবানের নেতৃত্বে ছাত্রশিবির সমর্থিত কয়েকজন সাংবাদিক লোহার রড, ইট ও লোহা কাটা ব্লেড দিয়ে প্রেসক্লাবের তিনটি তালা ভেঙে সন্ত্রাসী কায়দায় রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব দখল করে নেয়। একই সময় তারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত কয়েকজন সাংবাদিকের ওপর হামলার প্রচেষ্টাও চালায় বলে জানা যায়। কিন্তু সে সময় তারা পালিয়ে বাঁচেন।

উল্লেখ্য, দীর্ঘদিন যাবৎ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবে গ্রুপিঙের কারণে প্রায় অচলাবস্থা বিরাজ করছিল। এ দুইটি গ্রুপ হলো সুইট গ্রুপ এবং কোরবান গ্রুপ। এদের মধ্যে সুইট গ্রুপে কতিপয় সাংবাদিক নিয়ে নিজেদেরকে প্রেসক্লাবের প্রকৃত সদস্য এবং প্রেসক্লাব নিজেদের দখলে রেখেছিল। অপরদিকে কোরবান গ্রুপ শিবির সমর্থক গুটিকয়েক সাংবাদিক নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় প্রেসক্লাব দখলের প্রচেষ্টা চালিয়ে আসছিল। আর এই দুই গ্রুপের দড়ি টানাটানিতে অতিষ্ঠ হয়ে সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত উল্লেখযোগ্যসংখ্যক সাংবাদিকের সমন্বয়ে নিরপেক্ষভাবে রাজশাহী বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটির আত্মপ্রকাশ ঘটে।